

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ বিদআত রচয়িতা/সঙ্কলকঃ আবদূল হামীদ ফাইযী

কলোম্বোর এক মসজিদের ডান দিকে নবী (সঃ) এর কবরের ছবি টাঙ্গানো আছে। তাঁর সামনে মুসল্লীরা দাঁড়িয়ে নাবী (সঃ) এর উপর দরুদ পাঠ করে। এ কাজ কি শরীয়তসম্মত?

মসজিদের ভিতরে নবী (সঃ)এর কবরের (বা সবুজ গুম্ভজের) ছবি রাখা একটি আপত্তিকর বিদআত। পরন্ত তাঁর সামনে দাঁড়িয়ে দরুদ পাঠ করা অন্য একটি আপত্তিকর বিদআত। এটি অতিরঞ্জনবশতঃ কৃত আচরণ। আর নবী (সঃ) বলেছেন, "তোমরা দ্বীনের ব্যপারে অতিরঞ্জন করা থেকে দূরে থেকো। কেননা অতিরঞ্জনই পূর্ববর্তী বহু উম্মতকে ধ্বংস করেছে।"১১০ (আহমাদ ১/২১৫, ৩৪৭, নাসাঈ, ইবনে মাজাহ ৩০২৯ নং) তিনি আরও বলেছেন.

"তোমরা আমাকে নিয়ে (আমার তা'যীমে) বাড়াবাড়ি করে না, যেমন খ্রিস্টানরা (ঈসা) ইবনে মারয়ামকে নিয়ে করেছে। আমি তো আল্লাহ দাস মাত্র। অতএব তোমরা আমাকে আল্লাহ্র দাস ও তাঁর রাসূলই বলো" ১১১ (বুখারী ৩৪৪৫, মুসলিম, মিশকাত ৪৮৯ নং)

দর্মদ যে কোন (পবিত্র) জায়গা থেকে দাঁড়িয়ে-বসে পড়া যায়। মহানবী (সঃ) এর কবরের ছবি সামনে রেখে দাঁড়িয়ে দর্মদ পড়া বিদআত। এক সাথে জামাআতী দর্মদ পড়া বিদআত।

তাছাড়া মসজিদের দেওয়ালে নবী-আলীর ছবি অঙ্কন করা অথবা টাঙ্গানো মসজিদে তাঁদেরকে দাফন করার বিধানের অন্তর্ভুক্ত। যেহেতু তা মানুষকে শিরকের দিকে টেনে নিয়ে যায়। ঐ ছবির সামনে দর্মদ পড়তে পড়তে নবী (সঃ) এর কাছে প্রার্থনাও শুরু হয়ে যায়। সুতরাং এমন কাজ তওবার সাথে বর্জনীয়। ১১২ (লাজনাহ দায়েমাহ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=87

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন